ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৫.৩৯.০৯৬.২৩** নথির বিষয়: মড্স জোন-২ এর আওতাধীন হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন,গজমহল, জিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃলাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ-০৮)

নোট: ১ নোটের বিষয়: **মড্স জোন-২ এর আওতাধীন হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন,গজমহল, জিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃলাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ-০৮)।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৪/১০/২৩ ৫:৪০ অপরাহ্ন

সদয় অবগত করানো যাচ্ছে যে, মডস্ জোন-২ ঢাকা ওয়াসা এর অন্যতম জনবহুল বানিজ্যিক,আবাসিক এবং পর্যটন শহর। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেল্লা,আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা এবং চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ ব্যবসায়িক ও সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন । এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৩৫০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠুভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন শীতের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন। কেননা শীত মৌসুমে পয়ঃ মাস্ ক্লিনিং কাজে নিয়োজিত শ্রমীকগন ঠান্ডা আবহাওয়ায় প্রচন্ড শীতের মাধ্যে পয়ঃ ম্যানহোলে প্রবেশ করে প্রায়ই অসুস্থ হয়ে যায়, ফলে মাস্ ক্লিনিং কাজ নিরবিচ্ছিন্নভাবে পরিচালনায় ব্যাঘাৎ সৃষ্টি হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মড্স জোন-২ এর সমগ্র এলাকাকে (২২ গ্রুপ মাস ক্লিনিং) ২২ টি ভাগে বিভক্ত করা হয়। উক্ত ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায় ৭ টি গ্রুপ মাস ক্লিনিং ও উত্তেলিত স্লাজ অপসরনের কাজ Force Account এর মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রস্তাব করা হলো।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

মড্স জোন-২ এর আওতাধীন এলাকায় বৎসরিক মাস্ ক্লিনিং কাজের ১ম পর্যায় মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্লাজ সরানো সহ (৭ টি নথি) নথির কাজ আগামী ১০/১১/২০২৩ ইং তারিখে হতে শুরু করা যেতে পারে। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মড্স সার্কেল -১ মহোদয়কে কাজের অগ্রগতির তথ্যসহ ই-মেইলে কাজ শেষে ছবি প্রেরন হবে। যে সকল স্থানে ১ম পর্যায় কাজ সম্পন্ন হবে ইহার মধ্যে

ক) তাঁতি বাজার, প্রসন্ন পোদ্দার লেন, শাখারী বাজার, কোর্ট হাউস স্ট্রিট, রাজার দেউড়ি, রাধিকা মোহন বসাক লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ।(গ্রুপ-২) মোট ৭.০৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২৩৮ টি ম্যনহোল পরিস্কার করা হবে।

খ) শেখ সাহেব বাজার, সুবল দাস রোড, নগর বেলতলী, ঋষিপাড়া, লালবাগ রোড, কাজী রিয়াজ উদ্দিন রোড, আতশখানা, পুষ্পরাজ সাহা লেন, জগন্নাথ সাহা রোড, রাজা শ্রীনাথ স্ট্রিট,হরমোহন শীল স্ট্রিট সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ ।(গ্রুপ-৩) মোট ৫.৭ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৭৩ টি ম্যনহোল পরিস্কার করা হবে।

গ) হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন, গজমহল, ঝিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ । (গ্রুপ-৮) মোট ৫.০৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৯৬ টি ম্যনহোল পরিস্কার করা হবে ।

ঘ) চাঁনখারপুল, আলী নেকী দেউড়ি, নবাব কাটরা, আবুল হাসনাত রোড লেন/বাইলেন, বংশাল রোড লেন/বাইলেন, টি এন্ড টি-র গলি, কিউট-এর গলি, সাবান ওয়ালা গলি, চুড়ি ওয়ালা গলি, সাত রওজা রোড লেন/বাইলেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ ।(গ্রুপ-১৪) মোট ৫.২৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৬৮ টি ম্যনহোল পরিস্কার করা হবে ।

ঙ) ওয়াটার ওয়ার্কস রোড, হাজী রহিম বক্স লেন, শায়েস্তা খান রোড, খাজে দেওয়ান ১ম ও ২য় লেন, হরনাথ ঘোষ রোড, কে.বি. রুদ্র রোড, খাজেদল সিং লেন, গৌরসুন্দর রায় এলাকা সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ । (গ্রুপ-১৬) মোট ৫.৯ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১২৪ টি ম্যনহোল পরিস্কার করা হবে ।

চ) লালবাগ চৌরাস্তা হইতে আবুল হাসনাত রোড পর্যন্ত ট্রাংক পয়ঃ লাইন মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-২০) মোট ১.০৬ কিঃমিঃ পয়ঃ লাইন পরিস্কার করা হবে ।

ছ) নবাবগঞ্জ পয়ঃ লিফট স্টেশন হইতে লালবাগ চৌরাস্তা পর্যন্ত ট্রাংক পয়ঃ লাইন মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারন কাজ (গ্রুপ-২২) মোট ০.৮৪৫ কিঃমিঃ পয়ঃ লাইন পরিস্কার করা হবে ।

পয়ঃলাইন ও ম্যানহোল পিট বাৎসরিক রুটিন অনুযায়ী ক্লিনিং কাজ করা হলে ওভারফ্লো এর অভিযোগ কম থাকে। সেই প্রেক্ষিতে ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায় কাজ শুরুর জন্য মড্স জোন-২ এর আওতাধীন হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন,গজমহল, জিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃলাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ-০৮) সহ আশপাশের এলাকায় ২০ দিন ব্যাপী কয়েকটি ভাগে বিভক্ত করিয়া মাস্ ক্লিনিং কাজ করার জন্য ঢাকা ওয়াসা এর পূর্ব অনুমোদিত দর অনুযায়ী খরচের হিসাব তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে = ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকা মাত্র। নথিটি অনুমোদিত হলে উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে ইস্যূ করা যাইতে পারে।

সংযুক্তিসমূহ (৪):

১। মড্স জোন-২ এর ২০২৩-২৪ অর্থবৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি.pdf

২। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ। (3).pdf

৩। পূর্বের অনুমোদিত দরের কপি। (3).jpg.

৪। প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৪/১০/২৩ ৫:৪৪ অপরাহ্ন

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সুষ্ঠ পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মড্স জোন-২ এর আওতাধীন হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন,গজমহল, জিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃলাইনের মাস্ ক্লিনিং ও স্লাজ অপসারন কাজ (গ্রুপ-০৮) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮২(১) ধারা (Force Account) অনুসারে =২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাশি হাজার) টাকার প্রাক্কলনটিসহ বিগত

বছরের ন্যয় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকুলে অনুমোদন করা যেতে পারে। ইস্যূ কৃত চেক হইতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যেমে উহা সমন্বয় করা হবে। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৪ হইতে (Force Account) মাধ্যেমে নির্বাহ করা হইবে (কপি সংযুক্ত)।

২৪/১০/২৩ ৫:৪৪ অপরাহ্ন
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২৪/১০/২৩ ৬:২২ অপরাহ্ন
আব্দুল মতিন
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-২

২৫/১০/২৩ ১১:৪০ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

২৬/১০/২৩ ১:৫৬ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

২/১১/২৩ ৯:৪৯ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~২/১১/২৩ ৯:৪৯ পূর্বাহ্ন~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩/১১/২৩ ১২:১০ অপরাহ্ন

Forwarded for the approval of note 1.1.

৩/১১/২৩ ১২:১০ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

~~৩/১১/২৩ ১২:১০ অপরাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৪/১১/২৩ ৬:১৭ অপরাহ্ন

Okay

৪/১১/২৩ ৬:১৭ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

৫/১১/২৩ ৫:৩৩ অপরাহ্ন
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

৫/১১/২৩ ৫:৩৩ অপরাহ্ন
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২